গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/৫৫৬(৫)

তারিখ: ০৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর আওতায় জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যানবেইস কর্তৃক পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর আওতায় প্রাথমিকত্তোর স্তরের সকল প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহের কাজ ইতোমধ্যেই শেষ হয়েছে। গুণগত মান সম্পন্ন প্রতিবেদন প্রস্তুতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো জরিপ পরবর্তী যাচাই জরিপ (পিইসি) পরিচালনা করা। এ লক্ষ্যে দেশের ৬৪ জেলা থেকে দৈবচয়নের মাধ্যমে ৬৪টি উপজেলা/থানা তথ্য সংগ্রহের জন্য নির্বাচন করা হয়েছে। প্রতিটি নির্বাচিত উপজেলা/থানা থেকে ১৫টি করে [০৮টি মাধ্যমিক বিদ্যালয়, ০১টি স্কুল এন্ড কলেজ, ০৪টি মাদ্রাসা, ০১টি কলেজ ও ০১টি কারিগরি ও ভোকেশনাল] শিক্ষা প্রতিষ্ঠানের জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহের জন্য ব্যানবেইস কর্তৃক তথ্যসংগ্রহকারী নিয়োগ করা হয়েছে। নিয়োগকৃত তথ্যসংগ্রহকারী আগামী ২৫ জানুয়ারি ২০২৬ হতে ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত যে কোন দিন সশরীরে প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে তথ্য রেজিস্ট্রার/রেকর্ড যাচাই করে জরিপোত্তর যাচাই জরিপ (পিইসি) এর তথ্য সংগ্রহ করবেন।

০২। বর্ণিতাবস্থায়, জেলার নির্বাচিত উপজেলা/থানার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে তথ্য সংগ্রহ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/১/২০২৬

(প্রফেসর মোঃ গোলাম ফিরোজ)
পরিচালক (পরিসংখ্যান)
ব্যানবেইস
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩
E-mail: director_stat@banbeis.gov.bd

জেলা শিক্ষা অফিসার (সকল)
--------------------------------জেলা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ..............................অঞ্চল;
৫। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ..............................অঞ্চল;
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ..............................অঞ্চল;
৭। প্রোগ্রামার-১, ব্যানবেইস, ঢাকা [পত্রটি ব্যানবেইস এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ];
৮। অফিস নথি।